দৈনিক ইত্তেফাক

15

তারিখ 14 MAY 1990
পৃষ্ঠা ১ কলাম ৭

# জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদ গঠন

দেশে বিরাজমান শিক্ষা পরিস্থিতি ও সমস্যা পর্যালোচনা ও ইহার উন্নতিকল্পে সুপারিশ প্রদানের লক্ষ্যে সরকার জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদ গঠন করিয়াছেন। প্রেসিডেন্ট এরশাদ এই পরিষদের

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## শিক্ষা উপদেষ্টা পরিষদ

(১ম পৃঃ পর)

প্রধান উপদেষ্টা। পরিষদ প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক কর্মসূচী ও অন্যান্য জাতীয় গুরুত্বপূর্ণ কর্মসূচী বাস্তবায়নে সরকারকে পরামর্শ দিবে।

(২য় পৃঃ দ্রঃ)

## জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদ

(১ম পৃঃ পর)

শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদের নেতৃত্বে গঠিত এই উপদেষ্টা পরিষদের অন্যান্য সদস্য হইতেছেন : প্রেসিডেন্টের উপদেষ্টা আলহাজ্ব মনসুর আলী সরকার, জাতীয় অধ্যাপক মুহাম্মদ শামসুল হক, জাতীয় অধ্যাপক সৈয়দ আলী আহসান, জাতীয় অধ্যাপক ডাঃ নুরুল ইসলাম, সংসদ সদস্য মওলানা এম এ মান্নান, প্রাক্তন মন্ত্রী পরিষদ সচিব এম, মুজিবুল হক, পরিকল্পনা কমিশনের সদস্য কাজী ফজলুর রহমান, পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান এস, এম, আল হুসাইনী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক মনিরুজ্জামান মিঞা, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ মোশারফ হোসেন খান, কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ডঃ আসাদুর রহমান, প্রাক্তন সচিব ডঃ আলমুতি শরফুদ্দিন, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের (পিএটিসি) রেক্টর এ, জেড, এম, শামসুল আলম, অধ্যাপক মফিজুদ্দিন আহমেদ, সংস্কৃতি মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব ডঃ এনামুল হক, মওলানা আমিনুল ইসলাম, বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ এ, কে, এম, শহীদুল্লাহ, প্রাথমিক শিক্ষক-সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ, আন্তর্জাতিক পারবেশ গবেষণা ও দুর্যোগ ব্যবস্থাপনা ইন্সটিটিউটের মহাসচিব অধ্যাপক সৈয়দ শফিউল্লাহ, বাংলাদেশ সম্পাদক পরিষদের সভাপতি সানাউল্লাহ নূরী, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) সভাপতি রিয়াজউদ্দিন আহমেদ, জাতীয় প্রেসক্লাব-সভাপতি গিয়াস কামাল চৌধুরী, ইন্সটিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স-এর সভাপতি সফিউদ্দিন সরকার, ডঃ মুহম্মদ ইউনুস, ডাঃ জাফরুল্লাহ চৌধুরী ও এডভোকেট রেজাউর রহমান।

শিক্ষা সচিব উপদেষ্টা পরিষদের সদস্য সচিবের দায়িত্ব পালন করিবেন এবং শিক্ষা মন্ত্রণালয় পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করিবে। —তথ্য বিবরণী।